**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পরিচালকের কার্য্যালয়**
**রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।**

স্মারকনং-রামেকহা/প্রশা/২৫/............ তারিখঃ........................ইং

**নতুন মনোরোগ অন্তঃবিভাগ স্থাপন ও পরিচালনা সংক্রান্ত অফিস আদেশ**

এতদ্বারা রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৩ মে ২০২৫ ইং তারিখ হইতে ওয়ার্ড নং ৫৮ কে মনোরোগ অন্তঃবিভাগ হিসেবে রুপান্তর করা হল। উক্ত ওয়ার্ডে প্রাথমিক পর্যায়ে ১০ টি বেড ( পুরুষ ও মহিলা) সংযোজিত হবে এবং ভর্তিকৃত মানসিক রোগীগণ পূর্ণাঙ্গ চিকিৎসা সেবা পাবেন।

১. বিভাগীয় প্রধান, মনোরোগ বিভাগ মনোরোগ ওয়ার্ডের সার্বিক তত্ত্বাবধানে থাকবেন এবং উক্ত বিভাগে কর্মরত প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসকদের অন্তর্ভূক্ত করে ২৪ ঘন্টা ডিউটি রোষ্টার প্রস্তত করে রোগীদের চিকিৎসা সেবা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।
২. বিভাগীয় প্রধান, সাইকিয়াট্রি স্নাতোকত্তর প্রশিক্ষনার্থীদের (FCPS, MRC Psych) কারিকুলাম অনুযায়ী গুনগত প্রশিক্ষণ নিশ্চিত করবেন।
৩. ডেপুটি নার্সিং সুপারিনটেনডেন্ট একজন যোগ্য ওয়ার্ড ইনচার্জ ও অন্যান্য প্রয়োজনীয় সংখ্যক সিনিয়র স্টাফ নার্স এর ডিউটি প্রদান করবেন। নার্সিং সুপারভাইজার নিয়মিত ওয়ার্ড পরিদর্শন করবেন।
৪. সংশ্লিষ্ট বিভাগের চিকিৎসক, নার্স ও অন্যান্য স্টাফদের শিফট ডিউটির মাধ্যমে ২৪/৭ রোগীদের গুনগত চিকিৎসা সেবা নিশ্চিত করবেন এবং সাপ্তাহিক ডিউটি রোস্টার পরিচালক মহোদয়ের কার্যালয়ে প্রেরন করবেন।
৫. প্রশাসনিক কর্মকর্তা ও ওয়ার্ড মাষ্টার মনোরোগ ওয়ার্ডে ২৪ ঘন্টা ক্লিনার ও অন্যান্য সাপোর্টিং স্টাফ (মহিলা ও পুরুষ) সরবরাহ করবেন।
৬. আনসার (পিসি) সার্বক্ষনিক একজন আনসার সদস্যের ডিউটি প্রদানের মাধ্যমে উক্ত ওয়ার্ডের নিরাপত্তা নিশ্চিত করবেন।
৭. নতুন ওয়ার্ডে স্থাপনা ও ইলিকট্রিক সংক্রান্ত কোন সমস্যা পরিলক্ষিত হলে গণপূর্ত বিভাগ-২, রাজশাহী সমস্যা সমাধানের জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

**সংযুক্তিঃ ক্রোড়পত্র - ০১ পাতা**

স্বাঃ-
**(ব্রিঃ জেঃ এফ এম শামীম আহাম্মদ)**
পরিচালক
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।

স্মারক নং-রামেকহা/প্রশা/২৫/...২৫২৬/১ (২৭)... তারিখ...০৮/০৫/২৫...ইং
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হলো ( জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে)ঃ

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (হাসপাতাল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষনঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৪. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।
৫. অধ্যাপক ও বিভাগীয় প্রধান/বিভাগীয় প্রধান (সকল)...............................................রামেকহা।
৬. উপ-পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
৭. ইউনিট প্রধান (সকল)..............................................................................................রামেকহা।
৮. আহবায়ক/সদস্য সচিব, বাংলাদেশ এসোসিয়েশন অব সাইকিয়াট্রিস্ট (BAP) জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট, শেরেবাংলা নগর, ঢাকা।
৯. সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ভান্ডার/হাসপাতাল), রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১০. ইএমও ইনচার্জ, জরুরী বিভাগ, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১১. উপ-সেবা তত্ত্বাবধায়ক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১২. ওয়ার্ড ইনচার্জ (সকল)...........................................................................রামেকহা।
১৩. প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষন কর্মকর্তা, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১৪. পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১৫. ওয়ার্ড মাষ্টার(সকল) ........................................................, রামেকহা (সার্বিক সহযোগীতার নির্দেশসহ)
১৬. জনাব, . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।
১৭. দপ্তর নথি।

পরিচালক
রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল।

## ক্রোড়পত্র

## মনোরোগ অন্তঃবিভাগে কর্তব্যরত ব্যক্তিবর্গের তালিকাঃ চিকিৎসক, নার্স ও অন্যান্য স্বাস্থ্যকর্মী

### চিকিৎসক

| ক্র. নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | ডাঃ শেখ মোঃ আবু হেনা মোস্তফা আলীম | সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান |
| ২. | ডাঃ মোঃ জসিম উদ্দীন | সহকারী অধ্যাপক |
| ৩. | ডাঃ মোঃ মাসুদ রানা | ক্লিনিক্যাল সাইকোলজিস্ট |
| ৪. | ডাঃ মোঃ আনজিম মাকসুদ | সাইকোলজিস্ট (শিশু নিউরোলজি এন্ড ডেভেলপমেন্ট) |
| ৫. | ডাঃ আসমা-উল-হুসনা | অনারারী মেডিকেল অফিসার |
| ৬. | ডাঃ আফসানা শারমিন | অনারারী মেডিকেল অফিসার |
| ৭. | ডাঃ তাসমিয়াহ তামান্না | অনারারী মেডিকেল অফিসার |

কর্তব্যরত ইন্টার্ন চিকিৎসকগণ হাসপাতালের ডিউটি রোস্টার অনুযায়ী মনোরোগ অন্তঃবিভাগে দায়িত্ব পালন করবেন।

### নার্স

| ক্র. নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | মোসাঃ পারুল খাতুন | সিনিয়র স্টাফ নার্স |
| ২. | আলতাফুন নেসা | সিনিয়র স্টাফ নার্স |
| ৩. | জান্নাতুন ফেরদৌস | সিনিয়র স্টাফ নার্স |
| ৪. | ফজিলাতুন নেসা | সিনিয়র স্টাফ নার্স |
| ৫. | মোবারক হোসেন | সিনিয়র স্টাফ নার্স |
| ৬. | মোসাঃ মুনিরা খাতুন | সিনিয়র স্টাফ নার্স |
| ৭. | রীমা খাতুন | সিনিয়র স্টাফ নার্স |

### অন্যান্য স্বাস্থ্যকর্মী

| ক্র. নং | নাম | পদবী |
|---|---|---|
| ১. | রিপন আলী | পরিচ্ছন্নতাকর্মী |
| ২. | কহিনুর খাতুন | পরিচ্ছন্নতাকর্মী |
| ৩. | চাম্পা খাতুন | পরিচ্ছন্নতাকর্মী |

**বিঃ দ্রঃ উক্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ তিন শিফটে চিকিৎসা সেবা প্রদান ও ওয়ার্ড পরিচালনায় দায়িত্ব পালন করবেন।**